

মাদ্রাসা ও স্কুল-কলেজ শিক্ষকদের
বেতন বৈষম্য দূর করার বিষয়
বিবেচনাধীন আছে শিক্ষামন্ত্রী

সংসদ রিপোর্টার : শিক্ষামন্ত্রী ডঃ এম ওসমান ফারুক বলেছেন, বিগত আওয়ামী লীগ সরকারের আমলে প্রণীত মাদ্রাসা শিক্ষক ও বেসরকারী স্কুল-কলেজের শিক্ষকদের বেতন কেলের মাঝে কিছু বৈষম্য আছে। মাধ্যমিক স্কুলের একজন প্রধান শিক্ষকের বেতন স্কেল যেখানে ৬,১৫০ টাকা, সেখানে দাখিল মাদ্রাসার সুপারের বেতন স্কেল ৪,৩০০ টাকা। ডিগ্রী কলেজের প্রিন্সিপালের বেতন স্কেল যেখানে ১০,৭০০ টাকা, সেখানে ফাজিল মাদ্রাসার প্রিন্সিপালের বেতন স্কেল ৯,৫০০ টাকা। শিক্ষামন্ত্রী বলেন, বর্তমান সরকারের আমলে মাদ্রাসা শিক্ষা সংস্কারের জন্য একটি উচ্চ পর্যায়ের কমিটি গঠন করা

৭-এর পঃ ৬-এর কঃ দেখুন

শিক্ষামন্ত্রী

৮-এর পৃষ্ঠার পর

হয়েছে। বেতন বৈষম্য দূরীকরণের বিষয়টি উক্ত কমিটির বিবেচনাধীন আছে। শিক্ষামন্ত্রী গতকাল (সোমবার) জাতীয় সংসদদের প্রশ্নোত্তর পর্বে জামায়াতে ইসলামীর আবু সাঈদ মোঃ শাহাদাৎ হুসাইনের এক প্রশ্নের জবাবে এই তথ্য জানান।